নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website: www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
E-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/হালনাগাদ তথ্য/২০২৬/২৬৪১ ১১ আগস্ট ২০২৬

নোবিপ্রবি প্রশাসনের হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ, স্বাস্থ্যসেবা, ক্রীড়া, বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি ও চুক্তি সম্পাদনসহ নানা বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষক ও কর্মকর্তা লাউঞ্জের কার্যক্রম শুরু হয়েছে। সোমবার (০৩ আগস্ট ২০২৬) বিশ্ববিদ্যালয়ের শহিদ সার্জেন্ট রুমি ভবনে প্রধান অতিথি হিসেবে এ কার্যক্রমের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। লাউঞ্জের কার্যক্রম উদ্বোধনকালে সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, নোবিপ্রবির শিক্ষক ও কর্মকর্তাদের দীর্ঘদিনের প্রত্যাশিত শিক্ষক-কর্মকর্তা লাউঞ্জের কার্যক্রম শুরু হলো। এর মাধ্যমে শিক্ষক-কর্মকর্তাদের জন্য নিরাপদ ও মানসম্মত খাবার নিশ্চিতের একটি স্থায়ী ব্যবস্থা গড়ে উঠবে। তিনি আরও বলেন, শিক্ষক ও কর্মকর্তাগণ যাতে ক্যাম্পাসের ভেতরেই স্বাস্থ্যসম্মত খাবার পেতে পারে সে বিষয়টি বিবেচনায় রেখে এ লাউঞ্জ পরিচালনা করা হবে।

২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শ্রেণিকক্ষ, ল্যাব ও দপ্তরসমূহ পরিদর্শন করেছেন। সোমবার (০৩ আগস্ট ২০২৬) এ পরিদর্শনকালে উপাচার্য শ্রেণিকক্ষ, ল্যাব ও দপ্তরসমূহের কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করেন এবং সার্বিক বিষয়ে খোঁজ-খবর নেন। পরিদর্শন শেষে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, আজ আকস্মিক বিশ্ববিদ্যালয়ের ল্যাব, শ্রেণিকক্ষ ও দপ্তরসমূহ পরিদর্শন এবং কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি পর্যবেক্ষণ করেছি। এতে যথাযথ কারণ ব্যতীত অনুপস্থিত কর্মকর্তা-কর্মচারীদের সতর্ক করা হয়েছে। উপাচার্য আরও বলেন, শিক্ষার্থীদের সকল কার্যক্রম ক্যাশলেস করার যে প্রক্রিয়া তা বাস্তবায়ন করা হবে, একই সঙ্গে দপ্তরগুলোর ডিজিটাল হাজিরা নিশ্চিতে পদক্ষেপ নেয়া হবে, যাতে করে আমরা সঠিকভাবে সবার উপস্থিতি মনিটর করতে পারি। এ সময় উপাচার্য যথাসময়ে উপস্থিতি নিশ্চিত এবং সুশৃঙ্খলভাবে অফিসসমূহের কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশ প্রদান করেন।

৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ফটোগ্রাফি ক্লাবের আয়োজনে দুই দিনব্যাপী 'বাংলা দর্পণ সিজন-৭' শীর্ষক জাতীয় আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। সোমবার (৩ আগস্ট ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত আলোকচিত্র প্রতিযোগিতা ও প্রদর্শনীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে নোবিপ্রবি ফটোগ্রাফি ক্লাবের কার্যক্রমকে শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশের একটি গুরুত্বপূর্ণ মাধ্যমে হিসেবে উল্লেখ করে উপাচার্য বলেন, ফটোগ্রাফির মাধ্যমে প্রকৃতির অপরূপ সৌন্দর্য্য, মানুষের জীবন সংগ্রাম, সমাজের নানা বাস্তবতা এবং গুরুত্বপূর্ণ ঘটনাবলি অত্যন্ত সুন্দরভাবে তুলে ধরা সম্ভব। এ মাধ্যমটি কেবল স্মৃতি সংরক্ষণেই ভূমিকা রাখে না বরং সমাজে ইতিবাচক বার্তা পৌঁছে দিতেও কার্যকর ভূমিকা পালন করে।

৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) রিসার্চ সেল কর্তৃক প্রকাশিত জার্নাল অব নোয়াখালী সায়েন্স এন্ড টেকনোলজি ইউনিভার্সিটি JNSTU (Volume 8) এর মোড়ক উন্মোচন অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (০৪ আগস্ট ২০২৬) উপাচার্যের কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে এর মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। মোড়ক উন্মোচনকালে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, নোবিপ্রবিকে একটি গবেষণা কেন্দ্রিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার লক্ষ্যে গবেষণার গুণগত মান বৃদ্ধি, আন্তর্জাতিক মানসম্পন্ন প্রকাশনায় উৎসাহিত করা এবং গবেষকদের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টির জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। একই সঙ্গে গবেষণার উৎকর্ষ সাধনে শিক্ষক-শিক্ষার্থী ও গবেষকদের আরও আন্তরিকতা, সৃজনশীলতা এবং নৈতিকতার সঙ্গে গবেষণা পরিচালনার আহ্বান জানান তিনি।

৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের জন্য পরিবহন পুলে সংযোজিত একটি দ্বিতল বিআরটিসি বাস উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার (৪ আগস্ট ২০২৬) প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য নোবিপ্রবি শিক্ষার্থীদের সুবিধার্থে বিআরটিসি বাস সংযোজনকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, শিক্ষার্থীদের যাতায়াত ব্যবস্থাকে আরও সহজ ও নিরাপদ করে তুলতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পরিবহন পুলে নতুন এই বাস শিক্ষার্থীদের পরিবহন সংকটকে লাঘব করবে এবং এর মাধ্যমে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় থেকে স্বাচ্ছন্দ্যে শহরের বিভিন্ন স্থানে যাতায়াত করতে পারবে। বক্তব্যে ক্যাম্পাসে একটি কার্যকর গণপরিবহন ব্যবস্থা গড়ে তুলতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের প্রচেষ্টা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে জানান উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী।

৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'নোবিপ্রবির অধিকতর উন্নয়নে সম্ভাব্যতা সমীক্ষা ও মাস্টারপ্ল্যান প্রণয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় মাস্টার প্ল্যান প্রণয়ন শীর্ষক প্রকল্পের অধীনে খসড়া অবকাঠামোগত মাস্টারপ্ল্যানের সমন্বয় সভা অনুষ্ঠিত

৭. হয়েছে। মঙ্গলবার (৪ আগস্ট ২০২৬) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে আয়োজিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, নোবিপ্রবিকে এগিয়ে নেয়ার লক্ষ্যে আগামী ৫০ বছরের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। শিক্ষার্থীদের অবকাঠামোগত সুবিধাদি বিবেচনায় রেখে এ মাস্টার প্ল্যান প্রণয়ন করা হচ্ছে। এই প্ল্যান বাস্তবায়নের আগে নোবিপ্রবির সকল স্তরের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ অংশীজনদের মতামত নেয়া হচ্ছে। সকলের মতামতের ভিত্তিতে একটি গ্রহণযোগ্য, কার্যকর ও আধুনিক মাস্টার প্ল্যান যেনো তৈরি করা যায় সে লক্ষ্যে আমরা কাজ করছি।

৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'জুলাই গণ-অভ্যুত্থান দিবস-২০২৬' উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৪ আগস্ট ২০২৬) নোবিপ্রবি শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী সর্বপ্রথম রক্তদানের মাধ্যমে এ কর্মসূচির উদ্বোধন করেন। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য বলেন, চব্বিশের গণ-অভ্যুত্থানের স্মৃতি ও চেতনাকে ধারণ করে জুলাই গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষে নোবিপ্রবিতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচিসমূহে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এ আয়োজনকে আরও প্রাণবন্ত করবে। এ সময় উপাচার্য স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির সফলতা কামনা করে আয়োজকদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পরে বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য।

৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) যথাযোগ্য মর্যাদায় 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে বুধবার (০৫ আগস্ট ২০২৬) দিনব্যাপী নানা কর্মসূচি উদযাপন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। কর্মসূচিসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এদিন সকাল ১০টায় নোবিপ্রবি প্রশাসনিক ভবনের সামনে থেকে বিজয় শোভাযাত্রার মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। শোভাযাত্রা শেষে নোবিপ্রবি শহিদ মিনারে শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর নোবিপ্রবি বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সভার শুরুতে পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ, জাতীয় সংগীত পরিবেশন ও শহিদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থান বাংলাদেশের ইতিহাসে গণতন্ত্র, ন্যায় বিচার ও মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামের এক অনন্য মাইলফলক হিসেবে স্মরণীয় হয়ে থাকবে। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানের দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে জুলাই যোদ্ধা, ১৪০০ শহিদের পরিবার, ত্রিশ হাজার আহত ও শতশত অঙ্গহানী হওয়া বীর সন্তানদের প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। কেবল সমবেদনা কিংবা কৃতজ্ঞতা নিবেদনের মাধ্যমেই তাদের ঋণ শোধ করা সম্ভব নয়, বরং তাদের স্বপ্ন বাস্তবায়নের মধ্য দিয়েই সকলের আত্মদানের প্রতি প্রকৃত সম্মান প্রদর্শন করা সম্ভব বলে অভিমত ব্যক্ত করেন উপাচার্য। এ উপলক্ষে বিকাল ৫টায় নোবিপ্রবি অডিটোরিয়ামে এক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (জাবিপ্রবি) আয়োজিত জাতীয় সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রোববার (৯ আগস্ট ২০২৬) জাবিপ্রবি সমাজকর্ম বিভাগের আয়োজনে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে "Local Action, Global Goals: ESDO'S Experience through Professional Social Work Lens" শীর্ষক ওই সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, সমাজে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে হলে স্থানীয় পর্যায়ের বাস্তবতা, মানুষের প্রয়োজন ও সমস্যাকে বিবেচনায় নিয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। বৈশ্বিক উন্নয়ন লক্ষ্যমাত্রাগুলো কেবল নীতিনির্ধারণী পর্যায়ে সীমাবদ্ধ না রেখে স্থানীয় পর্যায়ে বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবনমানের ইতিবাচক পরিবর্তন নিশ্চিত করা প্রয়োজন। উপাচার্য আরও বলেন, সামাজিক কর্মকাণ্ডের সঙ্গে সম্পৃক্ত শিক্ষক, শিক্ষার্থী ও পেশাজীবীদের গবেষণালব্ধ জ্ঞানকে মাঠ পর্যায়ের অভিজ্ঞতার সঙ্গে সমন্বয় করা হলে সমাজের বিদ্যমান সমস্যাগুলোর কার্যকর সমাধান বের করে আনা সম্ভব।

১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে স্বাস্থ্য বীমা ও গোষ্ঠী বীমার বিভিন্ন সুযোগ-সুবিধা এবং বীমা দাবী সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১০ আগস্ট ২০২৬) বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড কোম্পানী কর্তৃক আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বলেন, স্বাস্থ্যসেবা মানুষের মৌলিক অধিকারসমূহের মধ্যে অন্যতম। অনাকাঙ্ক্ষিত অসুস্থতা বা দুর্ঘটনার কারণে একটি পরিবার যেনো হঠাৎ বড় ধরনের আর্থিক সংকটের মুখোমুখি না হয়, এমন ক্ষেত্রে স্বাস্থ্য ও গোষ্ঠী বীমা সহায়ক ভূমিকা পালন করে। স্বাস্থ্যসেবা গ্রহণের ব্যয় দিনদিন বৃদ্ধি পাওয়ায় বীমার বিভিন্ন সুযোগ-সুবিধা, দাবী উত্থাপন ও নিষ্পত্তির প্রক্রিয়া সম্পর্কে সঠিক ধারণা থাকলে বীমা গ্রহণকারীদের মাঝে আর্থিক নিরাপত্তাবোধ তৈরি করা সম্ভব। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীরা যেনো বীমা সুবিধা পরিপূর্ণভাবে গ্রহণ করতে পারে সেজন্য বীমা সেল গঠন করা হবে বলে উল্লেখ করেন উপাচার্য।

১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি ভবনে অবস্থিত পরীক্ষার হলসমূহ পরিদর্শন করেছেন। মঙ্গলবার (১১ আগস্ট ২০২৬) সকাল ১০টায় উপাচার্য সরেজমিনে পরীক্ষার হলসমূহ

ঘুরে দেখেন এবং সার্বিক বিষয়ে খোঁজ-খবর নেন। এ সময় উপাচার্য সুশৃঙ্খল ও সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান এবং পরীক্ষাকেন্দ্রে যেকোনো অনিয়মের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করা হবে বলে সংশ্লিষ্টদের অবহিত করেন।

১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের ৪র্থ ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট ২০২৬) বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। এ সময় উপাচার্য শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, আমাদের পার্শ্ববর্তী দেশ নেপাল, ভারত এবং মালদ্বীপসহ বিশ্বের অন্যান্য দেশ পর্যটন শিল্পে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। পর্যটন এবং ট্যুরিজম সেক্টরে আমাদের বিদ্যমান সুযোগ-সুবিধার টেকসই উন্নয়ন করতে হবে। এছাড়াও ইকো-ট্যুরিজমকে উন্নয়নের পাশাপাশি বিদেশি পর্যটকেরা যেনো বাংলাদেশের পর্যটন খাতে আকৃষ্ট হয়, সেদিকে সরকারের পক্ষ হতে কার্যকর উদ্যোগ গ্রহণের আহ্বান জানাচ্ছি। এ সময় তিনি আরও বলেন, আমাদের ট্যুরিস্ট ফ্রেন্ডলি হতে হবে, কেননা বৈদেশিক আয়ের বড় একটি উৎস হতে পারে এই পর্যটন শিল্প। বিশ্বের উন্নত দেশসমূহ পর্যটন শিল্পের উপর নির্ভর করেই তাদের অর্থনীতি পরিচালিত করে আসছে, তেমনি আমাদের দেশেও পর্যটন শিল্পকে অর্থনীতির চালিকাশক্তি হিসেবে তুলে ধরে বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব।

১৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে 'ট্রেনিং অন আউটকাম-বেইজড এডুকেশন (OBE)' শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (১১ আগস্ট ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়ন ও আন্তর্জাতিক মানের শিক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে আউটকাম বেইজড এডুকেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বর্তমানে অনেক বিশ্ববিদ্যালয়ে এ পদ্ধতি চালু রয়েছে। আমরাও যেনো প্রতিটি বিভাগে দ্রুত ওবিই কারিকুলাম চালু করতে পারি সেদিকে অগ্রসর হতে হবে। এটি প্রবর্তন করা গেলে সব পরীক্ষা হবে ওবিই কারিকুলামের ভিত্তিতে। এ সময় উপাচার্য ইন্ডাস্ট্রি-অ্যাকাডেমিয়া কোলাবরেশনের ওপর গুরুত্বারোপ করে বলেন, আমাদের শিক্ষার্থীরা একসময় ইন্ডাস্ট্রি এবং জব মার্কেটে প্রবেশ করবে, সুতরাং আমাদের জব মার্কেট ওরিয়েন্টেড সিলেবাস প্রণয়ন করতে হবে। সেটা করার জন্য স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় করতে হবে। সাবজেক্ট রিলেটেড যে জবগুলো রয়েছে, সেসব স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় করে বুঝতে হবে তারা কি চাচ্ছে এবং সেই ওরিয়েন্টেড কোর্সগুলো চালু করতে হবে। উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানী আরও বলেন, ওবিই কারিকুলাম তৈরিতে এক্সপার্ট যারা রয়েছেন তাদের পরামর্শ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে নোবিপ্রবি অ্যালামনাইসহ শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীসহ সবার মতামত নেয়া যেতে পারে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪